

বিদেশ মাতিয়ে এবার দেশে মুক্তি পাচ্ছে মেহজাবীনের সিনেমা -পৃষ্ঠা-৩


হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৩৫ ঃ মেহেরপুর- সোমবার ৮ সেপ্টেম্বর ২০২৫ ইং ঃ ২৪ ভাদ্র ১৪৩২ বাংলা ঃ ১৪ রবি,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com




## বদরুদ্দীন উমর আর নেই

নিজস্ব প্রতিবেদক

লেখক-গবেষক, রাজনীতিক ও জাতীয় মুক্তি কাউন্সিলের সভাপতি বদরুদ্দীন উমর আর নেই (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।
গতকাল রোববার সকাল ১০টার একটু পর রাজধানীর শ্যামলীর বাংলাদেশ স্পেশালাইজড হাসপাতালে তাঁর মৃত্যু হয়। জাতীয় মুক্তি কাউন্সিলের সম্পাদক ফয়জুল হাকিম এ তথ্য নিশ্চিত করেছেন। বদরুদ্দীন উমরের বয়স হয়েছিল ৯৪ বছর। ফয়জুল হাকিম বলেন, প্রায় এক মাস ধরেই বদরুদ্দীন উমর অসুস্থ ছিলেন। তাঁকে হাসপাতালে নিতে হয়েছে একাধিকবার। আজ

২-এর পৃষ্ঠা দেখুন

# ৭৬ কোটি টাকার মেহেরপুর হাসপাতাল ভবন ব্যবহারহীন

## ত্রুটি-অনিয়মে অর্ধসমাপ্ত অবস্থায় উদ্বোধন, চিকিৎসাসেবা চালু হয়নি




নিজস্ব প্রতিবেদক

স্বপ্ন ছিল ২৫০ শয্যার আধুনিক হাসপাতাল হবে জেলার মানুষের চিকিৎসা সেবার ভরসাস্থল। রোগীরা পাবেন সর্বোচ্চ সেবা, চিকিৎসকরা কাজ করবেন বিশ্বমানের পরিবেশে। কিন্তু ৭৬ কোটি টাকা ব্যয়ে নির্মিত ১১ তলা বিশিষ্ট মেহেরপুর জেনারেল হাসপাতাল ভবন আজও তালাবদ্ধ। ব্যবহারের আগেই হারাচ্ছে জৌলুশ, দেওয়ালে জমছে ধুলো, ভাঙছে কাচ, ঝুঁকি তৈরি করছে নির্মাণ ত্রুটি। হাসপাতাল ঘুরে দেখা গেছে, হাসপাতাল ভবনটি তালাবদ্ধ অবস্থায় পড়ে আছে। নিচতলায় ওষুধ কোম্পানির মোটরসাইকেলের গ্যারেজ, ঝালমুড়ির দোকান আর রিকশাচালকদের বিশ্রামের জায়গা। স্থানীয়রা জানিয়েছেন, রাতের বেলায় এটি বিপথগামীদের আড্ডাস্থল হিসেবে ব্যবহৃত হয়। এদিকে পাশের পুরোনো ১০০ শয্যার হাসপাতালে গাদাগাদি করে প্রতিদিন গড়ে প্রায় ৫০০ রোগী চিকিৎসা নিচ্ছেন। ২০১৮ সালে গণপূর্ত বিভাগের তত্ত্বাবধানে

২-এর পৃষ্ঠা দেখুন



# চার ফসলি জমির জেলায় টিএসপি সারের সংকটে হতাশা, চাষিরা উদ্বিগ্ন

## দরকারি সার না পেয়ে উৎপাদন খরচ বেড়ে যাচ্ছে, কৃষকের দিন কাটছে শঙ্কায়

নিজস্ব প্রতিবেদক

সদর উপজেলার উজুলপুর গ্রামের আব্দুর রশিদ সকাল থেকে মাঠে। পাট কেটে জমি প্রস্তুত করেছেন, আমন ধান রোপণের অপেক্ষায়। কিন্তু সমস্যা একটাই টিএসপি সার। তার দরকার ৫ বস্তা, কিন্তু ডিলারের কাছ থেকে পেয়েছেন মাত্র ৫ কেজি। "জমিতে সার দিতে না পারলে ফলন ঠিকমতো হবে না। আমরা কি করবে, কেউ কি দেখবে?" শঙ্কায় বললেন তিনি। উজুলপুরেই ১১ বিঘা জমিতে কলা চাষ করছেন আবেদ আলী। তারও গল্প একই রকম। "ডিলার লাইনে দাঁড়িয়ে একটি বস্তা পেলাম। এখন খুচরা ব্যবসায়ীদের কাছ থেকে দ্বিগুণ দামে কিনতে হবে। উৎপাদন খরচ কীভাবে উঠবে, বুঝতে পারছি না।" গাংনীর সাহারবাটি গ্রামের আয়নাল হক জানান, "আমন ধান রোপণ করতে জমি প্রস্তুত করেছি। কিন্তু সার না পেলে ভালো

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে জাল নোটসহ আটক-১

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে ৪২ হাজার টাকার জাল নোটসহ আমিরুল ইসলাম খোকন (৪৪) নামে এক ব্যক্তিকে আটক করেছে র?্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র?্যাব-১২), সিপিসি-৩ গাংনী ক্যাম্পের সদস্যরা। রোববার গভীর রাতে গাংনী উপজেলার সাহারবাটি ইউনিয়নের ভাটপাড়া আবাসন এলাকার নিজ বাড়ি থেকে তাকে আটক করা হয়। আটক আমিরুল ইসলাম খোকন গাংনী পৌর এলাকার ২ নম্বর ওয়ার্ড

২-এর পৃষ্ঠা দেখুন

## ইউক্রেনে বাফার জোনে বাংলাদেশ ও সৌদি সেনা মোতায়েনের সম্ভাবনা

সূর্যোদয় প্রতিবেদন

যুক্তরাষ্ট্র রাশিয়া ও ইউক্রেনের সম্ভাব্য শান্তিচুক্তির পর ইউক্রেনের অভ্যন্তরে একটি বৃহৎ বাফার জোন গঠনের পরিকল্পনা করছে। মার্কিন সম্প্রচারমাধ্যম এনবিসি নিউজের প্রতিবেদনে বলা হয়েছে, এই বাফার জোন পর্যবেক্ষণের দায়িত্ব থাকবে যুক্তরাষ্ট্রের হাতে। পরিকল্পনার সঙ্গে যুক্ত চারজনের বরাতে এনবিসি নিউজ জানিয়েছে, বাফার জোন নিয়ে পর্যালোচনা চলছে ইউক্রেনের মিত্র সামরিক কর্মকর্তাদের ও যুক্তরাষ্ট্রের প্রতিনিধিদের মাধ্যমে। নিরাপত্তা নিশ্চিতে ন্যাটোর বাইরের

২-এর পৃষ্ঠা দেখুন




## গাংনীতে ভারতীয় চকলেট বাজিসহ আটক-১

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনীতে ৭ লাখ ২৫ হাজার টাকা মূল্যের ২৩ হাজার পিস ভারতীয় চকলেট বাজিসহ একজনকে আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। আটককৃতের নাম মোঃ ইয়াসিন আলী (৪০)। তিনি কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার আবাদালপুর গ্রামের জিল্লুর

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে জামায়াতের উদ্যোগে ঈদ-ই মিলাদুন্নবী (সঃ) উদযাপন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে পবিত্র ঈদ-ই মিলাদুন্নবী (সঃ) উদয ড়পপধ-ংরড়হে জেলা জামায়াতে ইসলামীর উদ্যোগে আলোচনা সভা ও নাতে রাসুল সন্ধ্যা অনুষ্ঠিত হয়েছে। শনিবার রাতে শহীদ শামসুজ্জোহা নগর উদ্যানে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। পৌর জামায়াতের আমীর সোহেল রানা ডলারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মাওলানা মো. তাজউদ্দিন খান। এতে কানন সাহিত্য সংস্কৃতি সংগঠনের শিল্পীরা নাতে রাসুল পরিবেশন করেন। এছাড়া কুইজ

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে জেলা বিএনপির লিফলেট বিতরণ ও গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের মীরপাড়া ও শেখ পাড়ায় জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে রবিবার বিকেলে ৩১ দফা দাবি প্রচারের জন্য লিফলেট বিতরণ ও গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। তিনি এলাকাবাসীর

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে বিদেশি অস্ত্র ও ওয়াকিটকি উদ্ধার, আটক ৩

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে বিদেশি পিস্তল, নকল পিস্তল, ওয়াকিটকি সেট, মাদকদ্রব্য ও সরঞ্জামাদি উদ্ধারসহ তিনজনকে আটক করেছে যৌথবাহিনী। শনিবার (৬ সেপ্টেম্বর) মধ্যরাতে শহরের বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। আটককৃতরা হলেন মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়পাড়ার আব্দুর রশিদের ছেলে আকাশ ওরফে শাকিল (২৬), বোসপাড়ার জসীম উদ্দীনের ছেলে সজিব (২৭) এবং

২-এর পৃষ্ঠা দেখুন

# মাংসের আকাশছোঁয়া দাম চাপে নিম্নবিত্ত

নিজস্ব প্রতিবেদক



দিন যত যাচ্ছে খেটে খাওয়া মানুষের কষ্ট তত বাড়ছে। চাল-ডাল-সবজির সঙ্গে পাল্লা দিয়ে মাছ-মাংসের দামও প্রতিদিনই চড়ছে। বিশেষ করে গরু, ছাগল ও মহিষের মাংসের দাম আকাশছোঁয়া হয়ে যাওয়ায় নিম্নআয়ের মানুষের একমাত্র ভরসা ছিল ব্রয়লার মুরগি। কিন্তু বর্তমানে সেই মুরগিও প্রায় ক্রয়ক্ষমতার বাইরে চলে যাচ্ছে। এখন বাজারে ব্রয়লার মুরগি বিক্রি হচ্ছে প্রতি কেজি ২৩০ থেকে ২৪০ টাকায়। একসময় 'গরিবের মাংস' হিসেবে পরিচিত ব্রয়লার মুরগিই এখন সাধারণ মানুষের নাগালের বাইরে চলে যাচ্ছে। সোনালি ও লেয়ার মুরগির দামও সমানতালে বেড়ে কেজি প্রতি ৩০০ থেকে ৩২০ টাকায় বিক্রি হচ্ছে। মেহেরপুর সদর উপজেলার যাদবপুর গ্রামের আব্দুল জলিল বলেন, "আগে বাজার থেকে কিনতাম, এখন আর লাগে না। আমি নিজেই বাড়িতে ব্রয়লার বাচ্চা পুষি। বড় হলে জবাই করে পরিবারে সবাই মিলে খাই। বাজারের দামে মুরগি কেনা প্রায় অসম্ভব।"মুজিবনগরের হাবিবুর রহমান জানান, "ব্রয়লারের দাম এত বাড়তে আগে কখনো দেখিনি। এখন নিজের বাড়িতেই পুষতে হচ্ছে।" চাহিদা থাকলেও বাজারে বাচ্চা মুরগি পাওয়া যাচ্ছে না বলে জানান গোভিপুর গ গ্রামের শেফালী খাতুন। তার ভাষায়, "বাচ্চা আনলেই শেষ হয়ে যায়। প্রতিটা বাড়িতেই এখন ব্রয়লারের বাচ্চা আছে। তবে প্রতিটি বাচ্চা ৭৫ টাকা, আর ফিডও কেজি প্রতি ৭৫ টাকা। খরচও কম নয়।" ভোক্তাদের মতো ব্যবসায়ীরাও বলছেন ভিন্ন কথা। গাংনী করমদির খামারি মো. শাহিনুজ্জামান জানান, "এখন ব্যবসা ভালো। যদি বাজার দর এমন থাকে, ভালো লাভ হবে।" ব্রয়লার বাচ্চার ব্যবসায়ী আবু

২-এর পৃষ্ঠা দেখুন



## পিরোজপুর ইউনিয়নে জামায়াতে ইসলামীর গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নের কাঠালপুতা গ্রামে গণসংযোগ করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখা। গতকাল রবিবার (৭ সেপ্টম্বর) বিকেল ৫টার দিকে গ্রামটির প্রধান সড়ক ও দোকানপাট এলাকায় এ গণসংযোগ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর-১ আসনের প্রার্থী মাওলানা তাজ উদ্দিন খান। এ সময়

২-এর পৃষ্ঠা দেখুন

## ভোটের পরিবেশ শতভাগ অনুকূলে: নির্বাচন কমিশনার আনোয়ারুল

সূর্যোদয় প্রতিবেদন

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে ঘিরে দেশে এখন পর্যন্ত ভোটের পরিবেশ শতভাগ অনুকূলে রয়েছে বলে জানিয়েছেন নির্বাচন কমিশনার (ইসি) আনোয়ারুল ইসলাম। রোববার দুপুরে রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি বলেন, "কোনো অনিশ্চয়তা নেই। নির্বাচন নিয়ে কমিশনের কাছে প্রতিকূল পরিস্থিতির তথ্য আসেনি।" রাজনৈতিক দল নিবন্ধন প্রসঙ্গে নির্বাচন কমিশনার জানান, প্রায় সব রিপোর্ট কমিশনের হাতে এসে গেছে। এ বিষয়ে এক সপ্তাহের মধ্যে চূড়ান্ত সিদ্ধান্ত হতে পারে। তবে নিবন্ধন প্রক্রিয়ার শেষ ধাপে দলগুলোর

২-এর পৃষ্ঠা দেখুন

**অনুবাক্য**
**মামুনুর রশিদ মামুন**
**খবর: (স্বচ্ছতা এবং জবাবদিহিতা গণতন্ত্রের গুরুত্বপূর্ণ উপকরণ)**

স্বচ্ছতা থাকে বইয়ের পাতায়
বাহিরে কি তা থাকে
চাষির খাতায় লিখতে শুনি
খাই না গাঁয়ে মাখে ।
জবাবদিহি অনেক হবে
করতে হবে যোগ
আনতে হবে হিসাবের খাতায়
জানবে দেশের লোক।
তথ্য আইন হয়েছে দেশে
সঠিক খবর পাবার জন্য
কর্তা বাবু দেয় যদি তা
সবাই হবে ধন্য ।
সাংবাদিক গেলে ভয়ে মরে
যদি চেপে ধরে
সঠিক তথ্য চাইতে গেলে
উল্টা পাল্টা বকে।



## মেহেরপুরে ফ্রি মেডিকেল ক্যাম্প ও ওষুধ বিতরণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে অসহায় মানুষের জন্য ফ্রি মেডিকেল ক্যাম্প ও ওষুধ বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। শনিবার (৬ সেপ্টম্বর) সকাল ১০টা থেকে দিনব্যাপী সদর উপজেলার আমদহ ইউনিয়নের রায়পুর সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে এ কর্মসূচির আয়োজন করা হয়। ব্যক্তিগত

২-এর পৃষ্ঠা দেখুন



## চুয়াডাঙ্গায় ২ বেকারিকে জরিমানা

চুয়াডাঙ্গায় প্রতিনিধি

জেলার জীবননগরের আন্দুলবাড়িয়ায় ভোক্তা অধিকারের অভিযানে ২টি বেকারিকে জরিমানা করা হয়েছে। পণ্যের উৎপাদনের ও মেয়াদ উত্তীর্ণের তারিখ না থাকায় প্রতিষ্ঠান দুটিকে জরিমানা করা হয় ।গতকাল রোববার (৭ সেপ্টম্বর) বেলা ১১ টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর এ অভিযান চালায়। অভিযান পরিচালনা করেন ভোক্তা অধিকারের জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান। তিনি জানান, নিয়মিত

২-এর পৃষ্ঠা দেখুন


হৃদয়ে লাল সবুজ
আমাদের সূর্যোদয় এখন
পত্রিকাতেও যেমন, ওয়েবেয়েও তেমন
প্রতিদিনের পত্রিকা অনলাইনে দেখতে ক্লিক করেন
www. amadersurjodoy.com
আমাদের সূর্যোদয়
প্রধানসড়ক, হোটেল বাজার,মেহেরপুর ।
মোবাইল :01714938647

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ সোমবার ॥ ২৪ ভাদ্র ১৪৩২ বাংলা ॥ ৮ সেপ্টেম্বর ২০২৫ইং

# মেহেরপুরে জীব বৈচিত্র হুমকির মুখে

নিজস্ব প্রতিবেদক





সবুজের সমারোহ আর প্রাকৃতিক সৌন্দর্যের লীলা ভূমি মেহেরপুর আজ জীব বৈচিত্রের সংকটে পড়েছে। এক সময় দোয়েল, কোয়েল, ঘুঘু, চড়াই, ময়না, বুলবুলি কিংবা কোকিলের কুহুতান ও কাটঠোকরার খটখট শব্দে মুখর ছিল গ্রামবাংলা। এখন সেই দৃশ্য আর দেখা যায় না। বন উজাড়, কীটনাশকের অপপ্রয়োগ ও নিরাপদ আবাসস্থল হারিয়ে যাওয়ায় জীববৈচিত্র ধ্বংসের দ্বারপ্রান্তে পৌঁছেছে। বিশেষজ্ঞরা বলছেন, প্রাকৃতিক পরিবেশ বিপর্যয়, খাদ্য সংকট ও নির্বিচারে শিকারই এর মূল কারণ। তারা জীব বৈচিত্র রক্ষায় আধুনিক বনায়ন, দেশীয় প্রজাতির গাছ রোপণ ও কীটনাশকের ব্যবহার নিয়ন্ত্রণের পরামর্শ দিয়েছেন। গাংনী মহিলা ডিগ্রী কলেজের সহকারী অধ্যাপক রমজান আলী জানান, ক্ষেত-খামারে কীটনাশকের অবাধ প্রয়োগের ফলে খাবারের সন্ধানে আসা পাখি মারা যাচ্ছে। এতে তারা প্রজনন ক্ষমতা হারাচ্ছে এবং সংখ্যা দ্রুত কমে যাচ্ছে।

মহিলা কলেজের শিক্ষার্থী অর্থি জানান, পাঠ্যপুস্তকে নানা পাখির নাম শোনা গেলেও সেগুলো বাস্তবে আর দেখা যায় না। তিনি পাখির অভয়াশ্রম গড়ে তোলার দাবি জানান। পাখিপ্রেমী ফিরোজ আলী বলেন, জেলার দর্শনীয় স্থানগুলো কৃত্রিমতায় ভরপুর হলেও জীব বৈচিত্র রক্ষায় বাস্তব উদ্যোগ নেই। ক্ষেত-খামারে কীটনাশকের অপপ্রয়োগ বন্ধ এবং আধুনিক বনায়নের মাধ্যমে পরিস্থিতি সামাল দেওয়া সম্ভব।

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



# প্লাস্টিক বোতলে পানি পান, ঠেলে দিচ্ছে জটিল রোগে!

সূর্যোদয় প্রতিবেদন

বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) সমীক্ষায়, প্রায় ৯৩ শতাংশ প্লাস্টিক বোতলেই রয়েছে ক্ষতিকর উপাদান, যা মানবদেহের নানান জটিল রোগের কারণ। প্রয়োজনের তাগিদে মানুষ পৃথিবীতে নানা ধরনের বস্তু উদ্ভাবন করেছে যেগুলোর মধ্যে অন্যতম একটি হলো প্লাস্টিক। দৈনন্দিন জীবনের বিভিন্ন কাজে আমরা এই প্লাস্টিক পণ্য ব্যবহার করছি। কিন্তু এ প্লাস্টিক পণ্যকে পানি খাওয়ার কাজে ব্যবহার করাটা কতোটা স্বাস্থ্যসম্মত বলে মনে করছেন আপনি? বাড়িতে পানি পান করার জন্য ডাইনিং টেবিলে রাখছেন প্লাস্টিকের জগ। রাস্তায় বেরোলে হুটহাট পানির তৃষ্ণা মেটাতে সঙ্গী করে নিচ্ছেন ছোট একটি প্লাস্টিকের পানির বোতল। অফিসের দীর্ঘ সময়েও পানি পান করার জন্যও বেছে নিয়েছেন প্লাস্টিকের পানির বোতলকে। এ অভ্যাসে আপনার জীবনে আপনি নিজেই আমন্ত্রণ জানাচ্ছেন ক্যানসার, কিডনির সমস্যা, হরমোনের ভারসাম্যহীনতা, হৃদযন্ত্রের ঝুঁকিসহ বন্ধ্যাত্ব।

প্লাস্টিক বোতল তৈরিতে ব্যবহৃত হয় 'বিসফেনল এ' বা 'বিপিএ'-সহ একাধিক উপাদান, যা দেহের

৩-এর পৃষ্ঠা দেখুন




# ঝিনাইদহে স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

ঝিনাইদহ প্রদিতনিধি

সরকারি স্বাস্থ্যসেবা সহজলভ্য করে গর্ভকালীন মাতৃ মৃত্যুহার, অপুষ্টি জনিত শিশু মৃত্যুর হার কমানোসহ সংক্রামক রোগের সংক্রমন প্রতিরোধে ঝিনাইদহে স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।গতকাল রোববার (৭ সেপ্টম্বর) সকালে হরিণাকুন্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স মিলনায়তনে এ কর্মশালার আয়োজন করে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)। এতে হরিণাকুন্ডু উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা.আলমগীর হোসেন, পরিবার পরিকল্পনা কর্মকর্তা নাছরীনসহ এসডিএফ'র জেলা ব্যবস্থাপক মাহমুদ হাসান, জেলা স্বাস্থ্য ও পুষ্টি কর্মকর্তা ডা. অনুদীপা রানী, আইটি এন্ড

৩-এর পৃষ্ঠা দেখুন

# টাঙ্গাইলে কাদের সিদ্দিকীর বাসায় দুর্বৃত্তদের হামলা

সূর্যোদয় প্রতিবেদন

কৃষক শ্রমিক জনতা লীগের সভাপতি বঙ্গবীর আব্দুল কাদের সিদ্দিকী বীর উত্তমের টাঙ্গাইল শহরের বাসায় দুর্বৃত্তদের হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটেছে। শনিবার দিবাগত রাত ২টার দিকে প্রায় ১০১৫ জন দুর্বৃত্ত এ হামলা চালায়। এতে ভবনের নিচতলা ও দ্বিতীয় তলার সোনার বাংলা কমিউনিটি সেন্টার, দুটি গাড়ি এবং বাসার কয়েকটি জানালার কাচ ভাঙচুর করা হয়। রোববার দুপুরে নিজ বাসায় আয়োজিত সংবাদ সম্মেলনে কাদের সিদ্দিকী বলেন, "দেশকে অস্থিতিশীল করার জন্য দেশীয় ও আন্তর্জাতিক ষড়যন্ত্র চলছে। এ ষড়যন্ত্রে সরকার জড়িত কি না, তা আমি নিশ্চিত নই। তবে আমার মতো একজন সর্বোচ্চ খেতাবধারীর বাড়িতে যদি হামলা হয়, তাহলে আর কারও বাড়িই নিরাপদ নয়।" বাসার

৩-এর পৃষ্ঠা দেখুন




# মেহেরপুর সদরে নারী শান্তি সহায়কদের প্ল্যাটফর্ম গঠন

নিজস্ব প্রতিবেদক

দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ-এর এমআইপিএস প্রকল্পের আওতায় এবং এফসিডিও'র অর্থায়নে মেহেরপুর সদরে নারী শান্তি সহায়কদের প্ল্যাটফর্ম "ওয়েভ" গঠন বিষয়ক সভা অনুষ্ঠিত হয়েছে।শনিবার (৬ সেপ্টেম্বর ২০২৫) সকালে মেহেরপুর পাবলিক লাইব্রেরির হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় রাজনৈতিক, সামাজিক ও স্বেচ্ছাসেবী সংগঠনের সঙ্গে যুক্ত নারী প্রতিনিধি, পিএফজি ও ওয়াইপিএজির সদস্যরা উপস্থিত ছিলেন।

মাঠ সমন্বয়কারী মো. আশরাফুজ্জামানের সঞ্চালনায় সভায় সভাপতিত্ব করেন পিস অ্যাম্বাসেডর সায়্যেদাতুন্নেছা নয়ন। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিএফজির কোঅর্ডিনেটর মুজাহিদ আল মুন্না এবং ওয়াইপিএজির সমন্বয়কারী রাজিয়া সুলতানা। সভায় নারীর প্রতি

৩-এর পৃষ্ঠা দেখুন

# দলের তেলবাজি না করে জনগণের আকাঙ্ক্ষা পূরণে কাজ করুন- স্বরাষ্ট্র উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে আইনশৃঙ্খলা বাহিনীকে কোনো রাজনৈতিক দলের প্রতি পক্ষপাত না করে জনগণের প্রত্যাশা পূরণের আহ্বান জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরী। রবিবার (৭ সেপ্টেম্বর) রাজধানীর রাজারবাগ পুলিশ লাইনে নির্বাচনী প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান। উপদেষ্টা বলেন, "রাজনৈতিক কোনো দলের বিশেষ সুবিধা দেবেন না কিংবা নিজেকে রাজনৈতিক কর্মী ভাববেন না। মনে রাখবেন, পেশিশক্তি দিয়ে কখনও শান্তি প্রতিষ্ঠা করা যায় না। এখন যদি তেল দেওয়া শুরু করেন, নির্বাচনের পর সেই তেল ফুরিয়ে যাবে। তাই দলের তেলবাজি বাদ দিয়ে জনগণের আশা-আকাঙ্ক্ষা

৩-এর পৃষ্ঠা দেখুন




# তারুন্যের উৎসব-২০২৫ বারাদীতে গোল্ডকাপ ফুটবলের ফাইনাল অনুষ্ঠিত

বারাদী প্রতিনিধি

মেহেরপুরের বারাদী ইউনিয়নে তারুন্যের উৎসব-২০২৫ উপলক্ষে আয়োজিত ওয়ার্ড ভিত্তিক গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। গত রবিবার বিকাল ৫টায় মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে ২নং ওয়ার্ড (রাজনগর-যুগিন্দা) ও ৪নং ওয়ার্ড (মোমিনপুর-বারাদী) দলের মধ্যে ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। বারাদী ইউনিয়ন পরিষদ আয়োজনের এই খেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা খাইরুল ইসলাম, এবং সভাপতিত্ব করেন বারাদী ইউপি প্রশাসক রকিবুল ইসলাম। খেলায় ২নং ওয়ার্ড দল ২-১ গোলে চ্যাম্পিয়ন হয়। তাফসির ম্যান অফ দ্যা ম্যাচ পুরস্কার অর্জন করেন গৌরব। উপস্থিত ছিলেন ইউপি সদস্য কামরুজ্জামান মুকুল, বারাদী ইউনিয়নের বিএনপির সভাপতি

৩-এর পৃষ্ঠা দেখুন



# নির্বাচনে নিরাপত্তা দেওয়া পুলিশের ঐতিহাসিক পরীক্ষা: আইজিপি

সূর্যোদয় প্রতিবেদন

আগামী জাতীয় নির্বাচনে নিরাপত্তা নিশ্চিত করাকে পুলিশের জন্য একটি ঐতিহাসিক পরীক্ষা বলে উল্লেখ করেছেন পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) বাহারুল আলম। তিনি বলেন, "নির্বাচন শুধু ভোটগ্রহণের প্রক্রিয়া নয়, এটি জনগণের বিশ্বাস ও আস্থার


৩-এর পৃষ্ঠা দেখুন

# জাতীয় স্বার্থে জবাবদিহিমূলক গণমাধ্যম অপরিহার্য পরিবেশ উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় স্বার্থ ও গণতন্ত্রের স্থায়িত্বে বস্তুনিষ্ঠ ও জবাবদিহিমূলক গণমাধ্যমের কোনো বিকল্প নেই বলে মন্তব্য করেছেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান। তিনি বলেন, বস্তুনিষ্ঠ গণমাধ্যমই অন্তর্বর্তী সরকারের অন্যতম চাওয়া। জনগণের আস্থা ও গ্রহণযোগ্যতা অর্জনের মাধ্যমে গণমাধ্যমকে টেকসই করতে হবে। রোববার (৭ সেপ্টেম্বর) রাজধানীর একটি হোটেলে গণমাধ্যম সংস্কার কমিশনের

৩-এর পৃষ্ঠা দেখুন



# পদত্যাগ করছেন জাপানের প্রধানমন্ত্রী, আলোচনায় রাজপরিবারের 'ড্রাগনফ্লাই প্রিন্স'

সূর্যোদয় প্রতিবেদন

জাপানের প্রধানমন্ত্রী ইশিবা শিগেরু পদত্যাগের সিদ্ধান্ত নিয়েছেন। রোববার দেশটির গণমাধ্যম এনএইচকে ওয়ার্ল্ড এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে। গত বছরের অক্টোবরে প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেন ইশিবা। তবে সাম্প্রতিক সময়ে সংসদের উচ্চকক্ষে তাঁর

৩-এর পৃষ্ঠা দেখুন

# ড. ইউনূসের পদত্যাগ দাবি গণতান্ত্রিক বাম ঐক্যের

সূর্যোদয় প্রতিবেদন

গণতান্ত্রিক বাম ঐক্য ড. ইউনূসের নেতৃত্বাধীন সরকারের সকল ক্ষেত্রের ব্যর্থতার কারণে সরকারের পদত্যাগ দাবি করেছে। রোববার (৭ সেপ্টেম্বর) সকাল সাড়ে ১০ টায় জোটের কার্যালয়ে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে সভাপতিত্ব করেন

৩-এর পৃষ্ঠা দেখুন

# ক্রিকেট ম্যাচ চলাকালীন পাকিস্তানে বোমা বিস্ফোরণ, নিহত ১

সূর্যোদয় প্রতিবেদন

পাকিস্তানের উত্তর-পশ্চিম প্রদেশ খাইবার পাখতুনখাওয়ায় একটি ক্রিকেট ম্যাচ চলাকালীন বোমা বিস্ফোরণের ঘটনা ঘটেছে। স্থানীয় সংবাদমাধ্যম ডনের প্রতিবেদন অনুযায়ী, শনিবারের এই বিস্ফোরণে অন্তত একজন নিহত এবং কয়েকজন আহত হয়েছেন। স্থানীয় পুলিশ কর্মকর্তা ওয়াকাস রফিক জানিয়েছেন, বিস্ফোরণটি আইইডি (ইম্প্রোভাইজড এক্সপ্লোসিভ ডিভাইস) ব্যবহার করে সংঘটিত করা

৩-এর পৃষ্ঠা দেখুন

কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব

আসিফ প্লাজা (২য় ও ৩য় তলা), মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে, কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।

সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮

উরোলজি বিশেষজ্ঞ
ডা. আ. ফ. ম. মুনতাহী রেজা
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি), এমএস (ইউরোলজি)
কিডনি, মূত্রথলী, মূত্রনালী, প্রোস্টেট, অণ্ডকোষ, পুরুষ প্রজননতন্ত্র ও ফিমেল ইউরোলজির রোগের বিশেষজ্ঞ চিকিৎসা ও সার্জারি।
রোগী দেখেন: শনিবার ও রবিবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।

মেডিসিন বিশেষজ্ঞ
ডা. মো. আতিকুর রহমান
এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম), এমআরসিপি (ইউকে, পার্ট-১), এফসিপিএস (মেডিসিন) শেষ পর্ব, সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
চিকিৎসা দিচ্ছেন: স্ট্রোক, হৃদরোগ, ডায়াবেটিস, বাতব্যথা, বক্ষব্যাধি, হাঁপানি, যক্ষা, লিভার ও রক্তের রোগ, মানসিক রোগ, কিডনি রোগ, গ্যাস্টিক, উচ্চ রক্তচাপ, জন্ডিস, ফ্যাটি লিভারসহ সব ধরনের মেডিসিন সমস্যায়।
রোগী দেখেন: প্রতি মঙ্গলবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।

নিউরোসার্জন (মুজিবনগরে প্রথম)
ডা. মো. মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),এমএস রেসিডেন্ট, নিউরোসার্জারি (ব্রেইন, নার্ভ, স্পাইন, পেইন), স্পেশাল ট্রেনিং ইন পেইন ম্যানেজমেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতা|
ব্রেইন, নার্ভ ও স্পাইন সম্পর্কিত রোগ ও ব্যথার বিশেষজ্ঞ চিকিৎসা।
রোগী দেখেন: প্রতি শুক্রবার (দুপুর ২টা – সন্ধ্যা ৬টা পর্যন্ত)।

সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
সব ধরনের অপারেশন করা হয়: হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, অ্যাপেনডিক্স, অর্শ/পাইলস ইত্যাদি।

ডা. মাহাবুব আলম বিপ্লব(সহকারী অধ্যাপক) , ডা. হাসানুজ্জামান নুপুর (বিশেষজ্ঞ সার্জন), ডা. রিচার্ড সরেন (পি.জি.টি সার্জন)

আধুনিক সুবিধাসম্পন্ন কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব-এ অভিজ্ঞ বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে উন্নত চিকিৎসা সেবা পাওয়া যাচ্ছে।

প্রযুক্তি

# স্মার্টফোন দীর্ঘদিন ভালো রাখতে যা করবেন

সূর্যোদয় প্রতিবেদন



বলা হয়, ইলেক্ট্রনিকস ডিভাইসের ভরসা নাই। উল্টো কথাও আছে, কোনো কিছুর যত্ন নিলে, তা ভালো ফল দেবেই। তেমনি হাতের প্রিয় ফোনটাও। তবে নানা কারণে স্মার্টফোনে সমস্যা দেখা যায়। অবহেলার কারণে হাত থেকে পড়ে ভেঙে যায়, অসতর্ক থাকার কারণে পানি ঢুকে যায়। আরও কিছু আছে যা আমরা সহজে জানি না বা বুঝতে পারি না। কিন্তু কিছু কাজ আছে যা করলে আপনার প্রিয় ফোনটি দীর্ঘদিন চালাতে পারবেন।পোর্ট পরিষ্কার করুন: টুথপিক দিয়ে ধীরে ধীরে পোর্ট পরিষ্কার করুন। পাশাপাশি ফোনের স্পিকার ও মাইক্রোফোনে জমে থাকা ধুলাবালু একটি শুকনা ব্রাশের মাধ্যমে পরিষ্কার করে নিন। সব আপডেট ইনস্টল করুন : নিয়মিত সফটওয়্যার ও নিরাপত্তা আপডেট না করলে মোবাইল ফোনে ম্যালওয়্যার ঢুকে পড়তে পারে। এতে হ্যাকারদের নিরাপদ আশ্রয়স্থল হয়েও উঠতে পারে। তাই মোবাইল ফোন নিয়মিত আপডেট রাখুন।

ভালো কাভার ব্যবহার করুন: মোবাইল ফোন কেনার সঙ্গে একটি ভালো মানের কভার ও স্ক্রিন

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর
পরীক্ষাসমূহ ✓ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✓ এক্স-রে ✓ আল্ট্রাসনোগ্রাফি ✓ হরমন এনালাইসিস ✓ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✓ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✓ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

নিয়মিত রোগী দেখেন

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। ( শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, সোমবার, ৮ সেপ্টেম্বর ২০২৫ ইং

## রাস্তায় পাট শুকানো: জীবনের ঝুঁকি নয়, সমাধান চাই

মেহেরপুরের গাংনীতে আঞ্চলিক মহাসড়ক ও সড়ক ডিভাইডারে পাট শুকানো এখন নিয়মিত দৃশ্য। কৃষকরা হয়তো শুকানোর জায়গার অভাবে এ পথ বেছে নিয়েছেন। কিন্তু এর ফলে সৃষ্ট দুর্ঘটনা প্রতিদিনই মানুষের জীবনকে ঝুঁকির মুখে ফেলছে। চাকা ও হ্যান্ডেলে আঁশ পেঁচিয়ে নিয়ন্ত্রণ হারানো কিংবা উল্টে যাওয়া এসব দুর্ঘটনা কেবল ক্ষতির কারণ নয়, জীবননাশের আশঙ্কাও তৈরি করছে। প্রশ্ন হচ্ছে, কৃষকরা কেন রাস্তায় পাট শুকাতে বাধ্য হচ্ছেন? এর মূল কারণ পর্যাপ্ত শুকানোর জায়গার অভাব। গ্রামীণ অবকাঠামো উন্নয়ন, রাস্তার পাশে খোলা মাঠ সংরক্ষণ কিংবা বিকল্প জায়গা নির্ধারণ করা হয়নি। ফলে কৃষকেরা রাস্তার মতো বিপজ্জনক জায়গা বেছে নিতে বাধ্য হচ্ছেন। এ সমস্যা শুধু কৃষকের নয়, এটি জননিরাপত্তারও বিষয়। একদিকে কৃষকরা জীবিকা রক্ষার প্রয়োজনে রাস্তায় পাট শুকাচ্ছেন, অন্যদিকে যাত্রী ও চালকেরা ঝুঁকি নিচ্ছেন প্রাণের। এখানে দরকার সমন্বিত উদ্যোগ। স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি ও কৃষি বিভাগ মিলে চাষিদের জন্য নির্দিষ্ট শুকানোর স্থান নির্ধারণ করতে হবে। প্রয়োজনে রাস্তার পাশে পতিত জমি বা সরকারি খাসজমি ব্যবহার করা যেতে পারে। পাশাপাশি রাস্তায় পাট শুকানো বন্ধে কঠোর মনিটরিং জরুরি। কৃষকের দুরবস্থা বুঝে তাঁদের প্রতি সহানুভূতিশীল হতে হবে, তবে জননিরাপত্তা প্রশ্নে ছাড় দেওয়া যায় না। জীবন সবার আগে। তাই এখনই কার্যকর পদক্ষেপ নিতে হবে যাতে কৃষকও ক্ষতিগ্রস্ত না হন, আবার রাস্তাও থাকে দুর্ঘটনামুক্ত।

## চার ফসলি জমির জেলায় টিএসপি

(প্রথম পৃষ্ঠার পর)

ফলন পাব না। এবার পুরো মৌসুমে বিপদে পড়তে হচ্ছে।" বুড়িপোতা গ্রামের শহিদুল ইসলাম আরও অভিযোগ তুলেছেন, "ডিলাররা ইচ্ছাকৃতভাবে খুচরা ব্যবসায়ীদের কাছে বেশি দামে বিক্রি করছে। আমরা সমস্যার শিকার হলেও সরকার ঠিকমতো নজর দিচ্ছে না। বাংলাদেশ ফার্টিলাইজার অ্যাসোসিয়েশন মেহেরপুর জেলা শাখার সভাপতি হাফিজুর রহমান জানান, আগস্ট মাসে জেলায় টিএসপি চাহিদা ছিল ৮৪৫ টন। কিন্তু ডিলাররা বরাদ্দ পেয়েছেন মাত্র ১০৩ টন। অন্যান্য সার যেমন ইউরিয়া, পটাশ, ডিএপি, এমওপি পর্যাপ্ত আছে।সংকট মোকাবিলায় কৃষি কার্ডের মাধ্যমে কৃষকের মাঝে সার বিতরণ করা হচ্ছে বলে তিনি দাবি করেন। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক সামছুল আলম বলেন, "ডিলাররা টাকা জমা দিলেও যশোর থেকে যথাসময়ে সার পাননি। ঘাটতি তৈরি হয়েছে। তবে দ্রুত এটি সমাধান হবে।" মেহেরপুরের জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম বলেন, "জেলার চার ফসলি জমির কারণে অতিরিক্ত সার প্রয়োজন হয়। বরাদ্দ বাড়াতে উচ্চপর্যায়ে যোগাযোগ করা হচ্ছে। দ্রুত সংকট নিরসন হবে।" কৃষকরা মনে করছেন, বর্ষায় প্লাবিত এলাকার সার মেহেরপুরে সরিয়ে দিলে সমস্যা অনেকটা কমে যেত। কিন্তু তা করা হয়নি। তাই কলা ও ধান চাষিরা বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন। খুচরায় বেশি দামে সার কেনার ফলে উৎপাদন খরচ বেড়ে যাচ্ছে। "আমাদের কাজের ফলন নির্ভর করছে সরকারের সঠিক বরাদ্দের উপর," বলেন আবেদ আলী। শহিদুল ইসলাম যোগ করেন, "টিএসপি সংকট দীর্ঘস্থায়ী হলে শুধু আমরা নয়, বাজারের সবজি ও খাদ্যদ্রব্যের দামও বেড়ে যাবে।" মেহেরপুরের কৃষকেরা আশা করছেন, সরকারের সক্রিয় হস্তক্ষেপ এবং যথাযথ বরাদ্দের মাধ্যমে এবারের মৌসুমে তারা আবার স্বাভাবিক চাষাবাদ করতে পারবে।

## ৭৬ কোটি টাকার মেহেরপুর

(প্রথম পৃষ্ঠার পর)

হাসপাতালের নির্মাণকাজ শুরু হয়। ব্যয় ধরা হয় প্রায় ৭৬ কোটি টাকা। তবে ২০২৩ সালের ১২ নভেম্বর মাত্র ৯ তলা নির্মাণ শেষে ও বহু কাজ অসমাপ্ত রেখেই তৎকালীন জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেনের উপস্থিতিতে ভবনের উদ্বোধন করা হয়। এখনো ১০ ও ১১ তলার নির্মাণের দরপত্রও আহ্বান করা হয়নি।

সাবেক তত্ত্বাবধায়ক ডা. মো. হাসিবুস সাত্তার জানিয়েছিলেন, আমি ভবন গ্রহণে আপত্তি জানিয়েছিলাম। কিন্তু চাপের মুখে বাধ্য হয়ে গ্রহণ করতে হয়। ভবন গ্রহণের উপযোগীতা যাচাই করতে গঠিত ৫ সদস্যের তদন্ত কমিটি একের পর এক অনিয়মের তথ্য পায়ছাদে পানি জমে, সিঁড়িতে গ্রিল নেই, জানালার গ্লাস ভাঙা, দরজা-জানালার নিম্নমান, রঙ নষ্ট, সিসিটিভি ও মেডিকেল গ্যাস নেই, এক্স-রে কক্ষে রেডিয়েশন প্রটেকশন নেই, বর্জ্য ব্যবস্থাপনার ব্যবস্থা নেই, লিফট অচল, এমনকি সুইপার ও নিরাপত্তাকর্মীরও ঘাটতি রয়েছে। বর্তমান তত্ত্বাবধায়ক ডা. শাহরিয়া শায়লা জাহান বলেন, "ভবনের ভেতরে ন্যূনতম অবকাঠামো ও লজিস্টিক সাপোর্ট না থাকলে চিকিৎসাসেবা ঝুঁকিপূর্ণ হয়ে পড়বে। এই অবস্থায় ভবন চালু করা সম্ভব নয়। তবে গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী এসএম রফিকুল হাসান দাবি করেন, ডিপিপি ও দরপত্র অনুযায়ী কাজ হয়েছে। ৭৬ কোটি টাকা ব্যয়ে নির্মিত মেহেরপুর জেনারেল হাসপাতাল এখন দাঁড়িয়ে আছে নীরব সাক্ষী হয়ে, অসচ্ছতা, তড়িঘড়ি উদ্বোধন আর ব্যবস্থাপনার ব্যর্থতার নিদর্শন হিসেবে। স্থানীয়দের প্রশ্ন এটি কি জনগণের কল্যাণে ব্যবহার হবে, নাকি ফাইলের পাতায় থেকে যাবে দুর্নীতির আরেকটি উদাহরণ হয়ে?

## বদরুদ্দীন উমর আর নেই

(প্রথম পৃষ্ঠার পর)

সকালে তিনি অসুস্থ হয়ে পড়লে আবার হাসপাতালে নেওয়া হয়। সেখানে তাঁকে নেওয়ার পর চিকিৎসক মৃত ঘোষণা করেন।

লেখক শিবির ও জাতীয় মুক্তি কাউন্সিলের সঙ্গে যুক্ত মুহাম্মদ কাইউম প্রথম আলোকে জানিয়েছেন, বদরুদ্দীন উমরের মরদেহ আজ হাসপাতাল থেকে নিয়ে ফ্রিজিং গাড়িতে রাখা হবে। আগামীকাল বেলা ১১টার দিকে জাতীয় শহীদ মিনার বা অন্য কোনো স্থানে শ্রদ্ধা নিবেদনের জন্য মরদেহ রাখা হবে। শ্রদ্ধা নিবেদনের জন্য স্থানটি এখনো ঠিক করা হয়নি। আগামীকাল দুপুরে জানাজার পর জুরাইনে তাঁর মাবাবার কবরে বদরুদ্দীন উমরের দাফন সম্পন্ন হবে।

বদরুদ্দীন উমর মৃত্যুকালে স্ত্রী, দুই মেয়ে ও এক ছেলে রেখে গেছেন। ছোট মেয়ে সারা আকতারই বদরুদ্দীন উমরের দেখাশোনা করতেন বলে জানান মুহাম্মদ কাইউম। তাঁর বড় মেয়ে লন্ডনে থাকেন। তিনি আজ দেশে আসবেন।

বদরুদ্দীন উমর লেখক-গবেষক ও বামপন্থী রাজনীতিক। ১৯৬১ সালে যুক্তরাজ্যের অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় থেকে তিনি দর্শন, রাজনীতি ও অর্থনীতি বিষয়ে পিপিই ডিগ্রি নিয়ে দেশে ফিরে আসেন এবং ১৯৬৩ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে সমাজবিজ্ঞান বিভাগ প্রতিষ্ঠা করেন। গভর্নর মোনায়েম খানের স্বৈরতান্ত্রিক আচরণের প্রতিবাদে ১৯৬৮ সালে তিনি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকতা ছেড়ে রাজনীতি ও লেখালেখিতে আত্মনিয়োগ করেন। তাঁর লেখা 'পূর্ববাঙলার ভাষা আন্দোলন ও তৎকালীন রাজনীতি' ভাষা আন্দোলনের ওপর প্রথম গবেষণাগ্রন্থ। ঢাকা বিশ্ববিদ্যালয়ে খণ্ডকালীন শিক্ষক হিসেবে পেশাজীবন শুরু করেছিলেন বদরুদ্দীন উমর। বাংলাদেশ কৃষক ফেডারেশনের সভাপতি ও গণতান্ত্রিক বিপ্লবী জোটের কেন্দ্রীয় সমন্বয়কারী ছিলেন তিনি। একসময় পূর্ব বাংলার কমিউনিস্ট পার্টির কেন্দ্রীয় কমিটিতে ছিলেন বদরুদ্দীন উমর। ২০০৩ সালে তিনি জাতীয় মুক্তি কাউন্সিল নামে একটি সংগঠন গড়ে সভাপতির দায়িত্ব নেন।

## মেহেরপুরে জাল নোটসহ আটক-১

(প্রথম পৃষ্ঠার পর)

শিশির পাড়ার বাসিন্দা নিজামুদ্দিনের ছেলে।র‌্যাব-১২, সিপিসি-৩ গাংনী ক্যাম্পের কোম্পানি কমান্ডার লেফটেন্যান্ট ওয়াহিদুজ্জামান জানান, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে খোকনের বাড়ি থেকে ১ হাজার টাকা মূল্যমানের ৪২টি জাল নোট উদ্ধার করা হয়। দীর্ঘদিন ধরে তিনি জাল নোট ব্যবসার সঙ্গে জড়িত ছিলেন বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে। তিনি আরও জানান, এ ঘটনায় আটক আমিরুল ইসলাম খোকনের বিরুদ্ধে জাল মুদ্রা নিয়ন্ত্রণ ও প্রতিরোধ আইনে মামলা দায়েরপূর্বক গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।

## মেহেরপুর ঘিরে অনলাইন জুয়ার জাল

লাবীবা আরজুমান্দ



বাংলাদেশের সীমান্তবর্তী অঞ্চল, বিশেষ করে মেহেরপুর ও তার আশপাশের জেলাগুলোতে অনলাইন জুয়া এখন এক গভীর উদ্বেগের নাম। সীমান্তবর্তী অঞ্চল হওয়ায় মুদ্রা পাচার থেকে শুরু করে বেআইনি আর্থিক লেনদেনের ঝুঁকি দীর্ঘদিন ধরেই বিদ্যমান। তবে এবার সেটিই নতুন রূপে সামনে এসেছে অনলাইন জুয়ার মাধ্যমে। আন্তর্জাতিক ক্রীড়া আসর, যেমন বিশ্বকাপ, আইপিএল বা ইংলিশ প্রিমিয়ার লিগ ঘিরে যখন আগ্রহ চরমে ওঠে, তখন প্রতিদিন কোটি কোটি টাকা হাতবদল হয় বিভিন্ন অনলাইন প্ল্যাটফর্মে। এটি কেবল অর্থনৈতিক ক্ষতি নয় বরং সামাজিক স্থিতিশীলতার জন্যও বড় এক হুমকি হয়ে দাঁড়িয়েছে। এই বেআইনি অর্থ লেনদেনের পেছনে কাজ করছে এক জটিল নেটওয়ার্ক, যেখানে স্থানীয় দালাল, আন্তর্জাতিক ওয়েবসাইট এবং মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস) মিলেমিশে এক অদৃশ্য অর্থনৈতিক প্রবাহ গড়ে তুলেছে যেখানে মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস (এমএফএস) এর ভূমিকা অন্যতম। মোবাইল মানি ট্রান্সফার সিস্টেম সাধারণ মানুষের আর্থিক লেনদেন সহজ করলেও একই সাথে এটি অপরাধীদের জন্যও সুযোগ তৈরি করছে। বিশেষ করে বিক্রয় প্রতিনিধিদের (সেলস রিপ্রেজেন্টেটিভ) হাতে দেওয়া ব্যবসায়িক সিম অন্যের কাছে বিক্রি হচ্ছে, আর সেই সিম ব্যবহার করেই কোটি কোটি টাকার অবৈধ লেনদেন হচ্ছে। যাচাই-বাছাই ছাড়া নিয়োগ এবং টার্গেট পূরণের চাপ এই প্রতিনিধিদের জুয়া চক্রের সাথে সম্পৃক্ত করে তুলছে। এদিকে প্রতিষ্ঠানগুলোর ভূমিকাও প্রশ্নবিদ্ধ। তদন্ত কর্মকর্তাদের থেকে স্পষ্ট ইঙ্গিত পাওয়া যায় যে প্রতিষ্ঠানগুলো হয়তো জানে তাদের প্ল্যাটফর্ম অবৈধ কাজে ব্যবহৃত হচ্ছে, কিন্তু তারা কার্যকর ব্যবস্থা নিচ্ছে না। ফলে একদিকে আইনশৃঙ্খলা বাহিনী অভিযান চালিয়ে কিছু গ্রেপ্তার করছে, অন্যদিকে প্রতিদিন কোটি কোটি টাকা অবৈধভাবে হাতবদল হচ্ছে। জরিমানা আর গ্রেপ্তার দিয়ে সাময়িক প্রভাব ফেলা সম্ভব হলেও এই দুষ্টচক্র সম্পূর্ণ রুপে দমন করতে প্রয়োজন দীর্ঘমেয়াদি নীতিগত পদক্ষেপ গ্রহণ করা। প্রথমত, কঠোর নিয়ন্ত্রণ কাঠামো তৈরি করতে হবে, যাতে এমএফএস-এর প্রতিটি সেলস রিপ্রেজেন্টেটিভ নিয়োগের আগে যথাযথ ভেরিফিকেশন বাধ্যতামূলক হয়। দ্বিতীয়ত, ব্যবসায়িক সিম ব্যবহারে স্বচ্ছতা আনতে হবে, যেন সেগুলো অন্যের হাতে গিয়ে অবৈধ কাজে ব্যবহৃত না হয়। তৃতীয়ত, প্রতিষ্ঠানগুলোকে জবাবদিহির আওতায় আনতে হবেড়তাদের প্ল্যাটফর্ম যদি জুয়া বা পাচারে ব্যবহৃত হয়, তবে তার দায়ভারও তাদের বহন করতে হবে। এভাবে এখনই যদি পুনর্বাসনমূলক ও নিয়ন্ত্রণমূলক নীতি কার্যকর না হয়, তবে সীমান্তের এই অন্ধকার অর্থনীতি দেশের ভেতরে আরও গভীর ক্ষত তৈরি করবে। (প্রাক্তন শিক্ষার্থী (বিবিএ, এমবিএ)বিইউপি, ঢাকা)

## রাসুলুল্লাহ(সা:) -এর দাওয়াত : মক্কার বুকে সত্যের আহ্বান

মুহাম্মদ আশরাফ আলী

মক্কার রীতি ছিল বিপদের খবর দিতে পাহাড়চূড়ায় উঠে উচ্চস্বরে ডাক দেওয়া। একদিন রাসুলুল্লাহ (সাঃ)ছাফা পাহাড়ে উঠে কুরাইশ গোত্রকে সমবেত করলেন। তিনি ঘোষণা দিলেনড়"আমি তোমাদের সামনে কিয়ামতের কঠিন শাস্তির সতর্কবার্তাদাতা হয়ে এসেছি।" তিনি একে একে কুরাইশের বিভিন্ন গোত্র ও ব্যক্তিকে নাম ধরে সতর্ক করলেন। এমনকি ফুপু ছাফিয়াহ (রা.) ও কন্যা ফাতেমা (রা.)-কেও জাহান্নামের আগুন থেকে বাঁচার আহ্বান জানালেন। কিন্তু চাচা আবু লাহাব বিদ্রুপ করে বলল "তোমার ওপর ধ্বংস হোক।" তখন সুরা লাহাব নাজিল হয়।

এরপর থেকে রাসুলুল্লাহ (সাঃ) বাজার, হাট ও হজের মৌসুমে মানুষকে আহ্বান করতে থাকলেন "আল্লাহ ছাড়া কোনো উপাস্য নেই বলো, সফল হবে।" কিন্তু মুশরিকরা তাঁকে কবি, জাদুকর, কাহিনিকার কিংবা জিনে আক্রান্ত বলে অপপ্রচার ছড়াতে শুরু করল। তারা বলত "তুমি নবী হলে প্রমাণ দাও, ফেরেশতা নামাও, ধনরত্ন নিয়ে এসো।" কেউ বলতড়"আমরা মূর্তিগুলোকে আল্লাহর চেয়ে বড় মনে করি না, শুধু সুপারিশকারী ভাবি।" আবার অনেকে আশঙ্কা করতড়"মুহাম্মদের দাওয়াত মানলে আমাদের নেতৃত্ব ও প্রাধান্য হারাব।" শুধু অপপ্রচারেই থামেনি, তাঁকে কষ্ট দিতে নানা নির্যাতন শুরু হয়। রাস্তার ওপর কাঁটা বিছানো, নামাজে উপহাস, সেজদার সময় পিঠে পশুর নাড়িভুঁড়ি ফেলা এসব ছিল নিত্যদিনের ঘটনা। কোরআন তিলাওয়াত করলে তাঁকে নির্বোধ বলা হতো। মক্কাবাসীর অনীহার পর তিনি দাওয়াত নিয়ে তায়েফে গেলেন। কিন্তু সেখানেও তাঁকে অবমাননা ও নির্যাতনের শিকার হতে হলো। তবু তিনি হাল ছাড়লেন না। অবশেষে আল্লাহর অনুমতিতে সাহাবিদের মদিনায় হিজরতের নির্দেশ দিলেন। হিজরতের মাধ্যমেই তাঁর মাদানি জীবনের সূচনা হলো। সেখান থেকে ইসলাম বিজয়ী শক্তি হিসেবে পৃথিবীর বুকে প্রতিষ্ঠিত হলো।

## ইউক্রেনে বাফার জোনে বাংলাদেশ ও

(প্রথম পৃষ্ঠার পর)

দেশগুলোর সেনা মোতায়েনের সম্ভাবনা রয়েছে। এই তালিকায় আছে সৌদি আরব ও বাংলাদেশ। প্রতিবেদনে বলা হয়েছে, বাফার জোনটি হবে একটি নিরস্ত্রীকৃত এলাকা, যা রাশিয়া ও ইউক্রেনের ভূখণ্ড আলাদা করবে। তবে এর সীমানা এখনও নির্ধারিত হয়নি। যুক্তরাষ্ট্র প্রযুক্তিগত সক্ষমতার কারণে এই অঞ্চলের পর্যবেক্ষণে নেতৃত্ব দেবে। ড্রোন, স্যাটেলাইট ও অন্যান্য গোয়েন্দা প্রযুক্তি ব্যবহার করে নিরাপত্তা নিশ্চিত করা হবে, তবে ইউক্রেনে মার্কিন সেনা মোতায়েন করা হবে না। রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন যেকোনো নিরাপত্তা সম্পর্কিত পরিকল্পনায় সম্মতি দিতে পারেন। তবে ন্যাটোর সরাসরি বা ন্যাটোর মতো কোনো উপস্থিতি পুতিনের জন্য স্পর্শকাতর বিষয়। তাই পরিকল্পনাকারীরা সচেতনভাবে এই ধরনের প্রতীক ব্যবহার এড়াচ্ছেন। এছাড়া, গত ১৫ আগস্ট আলাস্কায় ডোনাল্ড ট্রাম্প ও ভ্লাদিমির পুতিনের বৈঠকের পর এই পরিকল্পনা নতুন করে গতি পায়। তবে আলোচনা এখনও পর্যায়ে রয়েছে, এবং যুদ্ধের পরিস্থিতি এখনও জটিল থাকায় চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হয়নি।

## গাংনীতে ভারতীয় চকলেট বাজিসহ

(প্রথম পৃষ্ঠার পর)

রহমানের ছেলে। গতকাল রোববার (৭ সেপ্টম্বর) দুপুরে এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করেছে কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি)। বিজিবি সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে লে. কর্নেল মোঃ মাহবুব মুর্শেদ রহমান, পিএসসি, অধিনায়ক, কুষ্টিয়া ব্যাটালিয়নের তত্ত্বাবধানে এবং নির্দেশনায় ০৬ সেপ্টেম্বর সকাল সাড়ে ১১টার দিকে বিশেষ অভিযান পরিচালনা করা হয়। অভিযানে হাবিলদার মোঃ শহিদুল ইসলামের নেতৃত্বে ধর্মদাহ বিওপির একটি টহল দল সীমান্ত পিলার ১৪৭/৭-এস থেকে প্রায় ৫ কিলোমিটার বাংলাদেশের অভ্যন্তরে নওদাপাড়া বাজার এলাকায় ইয়াসিন আলীকে আটক করে। এ সময় তার কাছ থেকে ভারতীয় ২৩ হাজার পিস চকলেট বাজি এবং একটি মোটরসাইকেল জব্দ করা হয়। যার আনুমানিক বাজারমূল্য ৭ লাখ ২৫ হাজার টাকা।

## মেহেরপুরে জামায়াতের উদ্যোগে

(প্রথম পৃষ্ঠার পর)

প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠানে জেলা জামায়াতের সেক্রেটারি ইকবাল হোসেন, সদর উপজেলা আমীর সোহেল রানা, সাবেক সেক্রেটারি সিদ্দিকুর রহমান, রাজনৈতিক সেক্রেটারি কাজী রুহুল আমিনসহ নেতাকর্মী ও ধর্মপ্রাণ মুসল্লিরা উপস্থিত ছিলেন।

## মেহেরপুরে জেলা বিএনপির লিফলেট

(প্রথম পৃষ্ঠার পর)

হাতে লিফলেট তুলে দেন ও স্থানীয়দের সঙ্গে মতবিনিময় করেন। গণসংযোগে জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন নেতা-কর্মী উপস্থিত ছিলেন। উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সাবেক সদস্য আলমগীর খান ছাতু, জেলা জাসাসের সদস্য সচিব এ বাঁকা বিল্লাহ, জেলা শহীদ জিয়া স্মৃতি সংসদের সভাপতি আলিফ আরাফাত, জেলা ছাত্রদলের সাবেক সভাপতি আকসেদ আলী, আমদহ ইউনিয়ন বিএনপির সভাপতি ইলিয়াস হোসেন, সাধারণ সম্পাদক সাব্বির রহমান ও শ্যামপুর ইউনিয়ন বিএনপির অন্যান্য নেতা-কর্মীরা।

## মেহেরপুরে বিদেশি অস্ত্র ও

(প্রথম পৃষ্ঠার পর)

হালদারপাড়ার হামিদুর শেখের ছেলে রায়হান (৩৬)। যৌথবাহিনীর সূত্র জানায়, সুনির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে মেহেরপুর আর্মি ক্যাম্পের নেতৃত্বে একটি সাঁড়াশি অভিযান পরিচালনা করা হয়। অভিযানে অস্ত্র, মাদক ও চাঁদাবাজিসহ বিভিন্ন মামলার আসামি আকাশ গ্যাংয়ের সদস্য আকাশ, রায়হান ও সজিবকে আটক করা হয়। এসময় তাদের কাছ থেকে একটি বিদেশি পিস্তল, একটি ম্যাগাজিন, একটি নকল পিস্তল, তিনটি ওয়াকিটকি সেট ও চার্জার, মাদকদ্রব্য এবং মাদক ব্যবহারের সরঞ্জাম উদ্ধার করা হয়। অভিযান শেষে আটক ব্যক্তিদের এবং জব্দকৃত মালামাল র‍্যাবের কাছে হস্তান্তর করা হয়েছে। এ ঘটনায় আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

## মাংসের আকাশছোঁয়া দাম চাপে নিম্নবিত্ত

(প্রথম পৃষ্ঠার পর)

সাঈদ বলেন, "চাহিদা এত বেশি যে ১০০টি বাচ্চা ১৫ মিনিটেই বিক্রি হয়ে যায়। সরবরাহ করতে পারছি না। সপ্তাহে দুদিন আনলেও সবাইকে দেওয়া সম্ভব হয় না।" প্রাণিসম্পদ কর্মকর্তা ডা: সুব্রত কুমার ব্যানার্জী জানান, "সরবরাহ কম থাকায় ব্রয়লার মুরগির দাম বেড়েছে। একইসঙ্গে ফিডের দামও বেড়েছে। তবে আশা করছি দ্রুত পরিস্থিতি স্বাভাবিক হবে। আর প্রতিটি বাড়িতে ব্রয়লার মুরগির বাচ্চা পালন করা আমাদের জন্য ইতিবাচক দিক।"

## চুয়াডাঙ্গায় ২ বেকারিকে জরিমানা

(প্রথম পৃষ্ঠার পর)

অভিযানের অংশ হিসেবে আন্দুলবাড়িয়া এলাকায় নিত্য প্রয়োজনীয় পণ্য, ওষুধ ও বেকারি খাদ্যসামগ্রী তদারকি করা হয়। এ সময় বেকারি পণ্য উৎপাদনের ও মেয়াদ উত্তীর্ণের তারিখসহ প্রয়োজনীয় তথ্য উল্লেখ না করার কারণে রফিকুর রহমানের বেকারি মেসার্স এস এ ফুড প্রোডাক্টকে ৩৫ হাজার টাকা জরিমানা করা হয়। এছাড়া মেয়াদ উত্তীর্ণের তারিখসহ প্রয়োজনীয় তথ্য উল্লেখ না করা ও লাইসেন্স নবায়ন না করার কারণে মো. ছরোয়ারের বেকারি মেসার্স নুর নাহারকে ১৫ হাজার টাকা জরিমানা করা হয়। দুই বেকারি থেকে মোট ৫০ হাজার টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। অভিযান পরিচালনার সময় পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক নরেশ চন্দ্র বিশ্বাস ও জেলা পুলিশের একটা টিম উপস্থিত ছিলেন।

## মেহেরপুরে ফ্রি মেডিকেল ক্যাম্প ও

(প্রথম পৃষ্ঠার পর)

উদ্যোগে মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান এবং কুষ্টিয়ার ল্যাবকেয়ার ডায়াগনস্টিক সেন্টারের সহায়তায় আয়োজিত এ ক্যাম্পে শতাধিক মানুষ বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা ও প্রয়োজনীয় ওষুধ পান। স্থানীয়রা মানবিক এ উদ্যোগকে স্বাগত জানিয়ে আয়োজকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধান করেন অ্যাডভোকেট কামরুল হাসান। এ সময় উপস্থিত ছিলেন সদর উপজেলা বিএনপির সভাপতি অধ্যাপক ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য ইলিয়াস হোসেন ও এ কে এম খায়রুল বাশার, জেলা জাসাসের সদস্য সচিব এ বাকা বিল্লাহ, পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিফসহ স্থানীয় নেতাকর্মীরা। কুষ্টিয়া ল্যাবকেয়ার ডায়াগনস্টিকের চেয়ারম্যান ডা. সজিবুল হক বলেন, "আমি কুষ্টিয়ায় থাকলেও মেহেরপুরের সন্তান। তাই মেহেরপুরের মানুষের জন্য কিছু করতে চাই। সুযোগ পেলেই এখানে এসে বিনামূল্যে চিকিৎসা সেবা দেব।" অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, "অসহায় মানুষ যারা অর্থাভাবে চিকিৎসা নিতে পারেন না, তাদের জন্যই এ উদ্যোগ নেওয়া হয়েছে।"

## পিরোজপুর ইউনিয়নে জামায়াতে

(প্রথম পৃষ্ঠার পর)

উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা আমির মাওলানা সোহেল রানা, সদর উপজেলা শ্রমিক ফেডারেশনের সভাপতি আবুল হোসেন, উপজেলা সেক্রেটারি ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী জাব্বারুল ইসলাম মাস্টার, পিরোজপুর ইউনিয়ন জামায়াতে ইসলামী আমির মিয়ারুল ইসলাম, সেক্রেটারি জমিরুল ইসলাম, কাঠালপুতার মাহাফুজুর রহমান দীপুসহ স্থানীয় নেতাকর্মীরা।

## ভোটের পরিবেশ শতভাগ অনুকূলে

(প্রথম পৃষ্ঠার পর)

নাম নিয়ে আপত্তি জানানোর সুযোগ থাকবে। তিনি আরও বলেন, চলতি মাসের মধ্যেই নিবন্ধনের প্রক্রিয়া সম্পন্ন করা হবে। সংবিধান ও বিদ্যমান আইন নিয়ে বিভ্রান্তির বিষয়েও সাংবাদিকদের প্রশ্নের জবাব দেন ইসি আনোয়ারুল। তিনি বলেন, "প্রস্তাবিত আরপিও সংশোধনী আইন মন্ত্রণালয়ের ভেটিংয়ের পরই চূড়ান্ত হয়েছে। অন্য কোনো আইনের সঙ্গে সাংঘর্ষিক কিছু থাকলে তা সমন্বয় করা হবে।" কমিশনের পক্ষ থেকে ইতোমধ্যেই নির্বাচনের প্রস্তুতি নেওয়া শুরু হয়েছে। ভোটগ্রহণকে সুষ্ঠু, নিরপেক্ষ ও শান্তিপূর্ণ করার বিষয়ে কমিশন অঙ্গীকারবদ্ধ বলে জানান আনোয়ারুল ইসলাম। তিনি পুনরায় জোর দিয়ে বলেন, "ভোটের পরিবেশ শতভাগ অনুকূলে আছে, এ নিয়ে কোনো সন্দেহ নেই।

## ফ্যাসিবাদের আবর্ত থেকে বের হতে ভোটের বিকল্প নেই: মান্না

সূর্যোদয় প্রতিবেদন

ফ্যাসিবাদের আবর্ত থেকে মুক্তির জন্য জনগণের ভোটের বিকল্প নেই বলে মন্তব্য করেছেন নাগরিক ঐক্যের সভাপতি মাহমুদুর রহমান মান্না। রোববার (৭ সেপ্টেম্বর) জাতীয় প্রেসক্লাবে 'জুলাই সনদ ও নির্বাচন' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। অনুষ্ঠানের আয়োজন করে গণশক্তি সভা। মান্না বলেন, "ভোট সব সমস্যার সমাধান নয়। এতগুলো ভোটের অভিজ্ঞতায় আমরা দেখেছি, বেশিরভাগ সমস্যারই সমাধান হয়নি। তবে আজকের পরিস্থিতিতে ফ্যাসিবাদের আবর্ত থেকে বের হওয়ার একমাত্র পথ হলো গ্রহণযোগ্য নির্বাচন।"

তিনি আরও বলেন, "গ্রহণযোগ্য ও গুণমানসম্পন্ন ভোট নিশ্চিত করাই এখন চ্যালেঞ্জ। কিন্তু বাস্তবতা হচ্ছেড়লাশ তুলে পুড়িয়ে ফেলা হচ্ছে, বিশ্ববিদ্যালয়ে ছাত্ররা হামলার শিকার হচ্ছে, অথচ পুলিশ দাঁড়িয়ে দেখছে। ভোটের দিন যদি কেউ শক্তির জোরে ব্যালট বাক্স দখল করে নেয়, তখন পুলিশ কি বাধা দেবে? এই প্রশ্নের সমাধান না হলে কোনো সংস্কার কার্যকর হবে না।" আলোচনা সভায় ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরীফ ওসমান হাদি বলেন, "জুলাই সনদের ভিত্তিতে যদি নির্বাচন না হয়, তাহলে সে নির্বাচনে আমরা অংশ নেব না। ছয় মাসের মধ্যে সনদের সব প্রস্তাব সংবিধানে অন্তর্ভুক্ত করতে হবে। প্রয়োজনে নতুন সংবিধান প্রণয়ন করতে হবে। এছাড়া সংসদের উচ্চকক্ষে অবশ্যই আনুপাতিক প্রতিনিধিত্ব (পিআর) পদ্ধতিতে নির্বাচন দিতে হবে।"

## প্রাথমিক বিদ্যালয়ে সংগীত শিক্ষক নিয়োগের প্রজ্ঞাপন বাতিলের দাবি ইসলামী ঐক্যজোটের

সূর্যোদয় প্রতিবেদন

প্রাথমিক বিদ্যালয়ে সংগীত শিক্ষক নিয়োগ ও 'তৃতীয় লিঙ্গ' কোটার মাধ্যমে শিক্ষক নিয়োগ সংক্রান্ত সরকারি প্রজ্ঞাপনের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে ইসলামী ঐক্যজোট। রোববার গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে সংগঠনের চেয়ারম্যান মাওলানা আবুল হাসানাত আমিনী বলেন, "ধর্মীয় ও নৈতিক শিক্ষা বাদ দিয়ে গানের শিক্ষক নিয়োগ একটি পরিকল্পিত ধর্মবিমুখ নীতির বহিঃপ্রকাশ। বিদ্যালয়গুলোতে মৌলিক শিক্ষায় ভয়াবহ ঘাটতি থাকা সত্ত্বেও সংগীত শিক্ষক নিয়োগ শিক্ষানীতির সাথে সাংঘর্ষিক এবং জাতীয় স্বার্থবিরোধী।" তিনি অভিযোগ করে বলেন, ইসলাম ধর্মে বাদ্যযন্ত্রের ব্যবহার নিষিদ্ধ হওয়া সত্ত্বেও প্রাথমিক শিক্ষায় সংগীত বাধ্যতামূলক করা মুসলিম জনগোষ্ঠীর ধর্মীয় মূল্যবোধ, সংস্কৃতি ও আত্মপরিচয় ধ্বংসের ষড়যন্ত্র। আমিনী আরও বলেন, "শিশুদের নৈতিক, আধ্যাত্মিক ও ধর্মীয় শিক্ষায় শিক্ষিত করতে প্রতিটি বিদ্যালয়ে আলাদা ধর্মীয় শিক্ষক নিয়োগ সময়ের দাবি। ভবিষ্যৎ প্রজন্মের চারিত্রিক উন্নয়ন, মানসিক ও আধ্যাত্মিক বিকাশের জন্য ধর্মীয় শিক্ষাই অপরিহার্য।" দেশবাসীর প্রতি আহ্বান জানিয়ে ইসলামী ঐক্যজোটের চেয়ারম্যান বলেন, "শিক্ষাব্যবস্থাকে ধর্মনিরপেক্ষতার মোড়কে অধর্মের পথে পরিচালিত করার এই ষড়যন্ত্র রুখে দেওয়া প্রতিটি দেশপ্রেমিক ও ঈমানদার মানুষের কর্তব্য।" তিনি আশঙ্কা প্রকাশ করে বলেন, তৃতীয় লিঙ্গ কোটার নামে শিক্ষাব্যবস্থায় সমকামিতার মতো এজেন্ডা প্রবেশ করানো হচ্ছে, যা সমাজে নতুন বিভাজন ও দ্বন্দ্ব সৃষ্টি করবে। সরকারের প্রতি আহ্বান জানিয়ে মাওলানা আমিনী বলেন, "জাতির ভবিষ্যৎ প্রজন্মের শিক্ষা, নৈতিকতা ও চরিত্র গঠনের স্বার্থে অবিলম্বে এ প্রজ্ঞাপন বাতিল করতে হবে। অন্যথায় ইসলামী ঐক্যজোট রাজপথে কঠোর কর্মসূচি দিতে বাধ্য হবে।"

## নেপালের সঙ্গে ড্র করলো বাংলাদেশ

সূর্যোদয় প্রতিবেদন

ফিফা প্রীতি ম্যাচের প্রথমটিতে স্বাগতিক নেপালের সঙ্গে গোলশূন্য ড্র করেছে বাংলাদেশ। শনিবার কাঠমান্ডুরদশরথ স্টেডিয়ামে শুরু থেকেই সমানে সমান লড়াইয়ে কেউ কাউকে ছাড় দেয়নি। আক্রমণ প্রতি আক্রমণ নির্ভর খেলা হয়েছে। তবে গোলের আক্রমণ অপেক্ষাকৃত কম দেখা গেছে। তাই গোলের দেখা মেলেনি। মিতুল মারমাকে বাদ দিয়ে গোলপোস্টে সুজন হোসেনের ওপরেই আস্থা রেখেছিলেন বাংলাদেশের স্প্যানিশ কোচ হাভিয়ের কাবরেরা। সামনে বিশ্বস্ত তপু বর্মণের সঙ্গে তারিক কাজীর কাজটা সেন্টার ব্যাক পজিশনে। রাইট ব্যাকে সাদউদ্দিন। আর লেফট ব্যাকে খেলেছেন রহমত মিয়া। মাঝমাঠের মূল দায়িত্বে অধিনায়ক জামাল ও সোহেল রানা। ডান দিকে আক্রমণের দায়িত্বে ইব্রাহিম এবং বাঁ দিক সামলেছেন রাকিব হোসেন। গোলের মূল দায়িত্বে সুমন রেজা। কিন্তু সেই গোলের দেখা আর মেলেনি পুরো ৯০ মিনিট জুড়ে খেলা ম্যাচে। যদিও ম্যাচের শুরুতেই অধিনায়ক জামাল ভূঁইয়া বল জালে জড়ালেও অফসাইডের কারণে তা বাতিল হয়। জামালের কর্নারে তপুর হেড কোনমতে রুখে দেন কিরণ চেমজং লিম্বু। ফিরতি প্রচেষ্টায় জামালের শট জালে জড়ালেও অফসাইডে বাতিল হয়। ৩০ মিনিটে মানি কুমারের অনেক দূর থেকে নেওয়া ফ্রি-কিকে জুং কারকির হেড শুয়ে পড়ে রুখে দেন সুজন হোসেন। পরে তারিক কাজী বলটি ক্লিয়ার করেন। মিনিট তিনেক পর মানি কুমারের ফ্রিকিকে পা ছোঁয়ানোর কেউ ছিল না। ৩৪ মিনিটে বক্সের বাইরে নেপালকে ফ্রি-কিক উপহার দেন সাদ উদ্দিন। তবে মানি কুমারের ফ্রি-কিক সহজেই আয়ত্তে নেন সুজন হোসেন। ৩৯ মিনিটে রহমতের লম্বা কর্নার কিপার রুখে দিলেও ফিরতি শটে বল পোস্টে রাখতে পারেননি সুমন রেজা। বিরতি থেকে বাংলাদেশ ফিরেছে একটি পরিবর্তন নিয়ে। প্রথমার্ধে নিভে থাকা ইব্রাহিমকে তুলে নিয়ে নামানো হয় শাহ রাইয়ান ইমনকে। ৭২ মিনিটে বাঁ দিক থেকে সুমন রেজার ক্রসে রাকিব হেড করলেও সেটা গেছে অনেক বাইরে দিয়ে। মিনিট চারেক পর বদলি তাজ উদ্দিনে অনেক দূর থেকে নেওয়া শট হাত ফসকেছিল নেপাল কিপারের। তবে সামনে কেউ না থাকায় বিপদ হয়নি। এভাবেই দুই দল আক্রমণ আর পাল্টা আক্রমণ শানালেও শেষ পর্যন্ত গোলের দেখা মেলেনি কোন শিবিরেই। মঙ্গলবার (৯ সেপ্টেম্বর) শেষ ম্যাচটি অনুষ্ঠিত হবে একই মাঠে।

## সৌদি আরবে অবৈধ অভিবাসীদের বিরুদ্ধে অভিযান, গ্রেফতার ২০ হাজার

সূর্যোদয় প্রতিবেদন

সৌদি আরবজুড়ে অবৈধ অভিবাসীদের বিরুদ্ধে পরিচালিত অভিযানে মাত্র এক সপ্তাহেই ২০ হাজার ৮৮২ জনকে গ্রেফতার করেছে দেশটির নিরাপত্তা বাহিনী। সৌদি স্বরাষ্ট্র মন্ত্রণালয় এক ঘোষণায় এ তথ্য জানিয়েছে। গত ২৮ আগস্ট থেকে ৩ সেপ্টেম্বর পর্যন্ত সরকারি বিভিন্ন সংস্থা যৌথ তল্লাশি অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করে। গ্রেফতার হওয়া ব্যক্তিদের মধ্যে ১২ হাজার ৯৭৫ জন ছিলেন আবাসন (রেসিডেন্সি) আইনের লঙ্ঘনকারী, ৪ হাজার ১৮৫ জন সীমান্ত নিরাপত্তা বিধি ভেঙেছেন এবং ৩ হাজার ৭২২ জন শ্রম আইন লঙ্ঘন করেছেন। এর মধ্যে ১০ হাজার ৮৯৫ জনকে এরই মধ্যে নিজ নিজ দেশে ফেরত পাঠানো হয়েছে, বাকিদের দূতাবাসে হস্তান্তর করা হয়েছে অথবা ফেরতের প্রক্রিয়া সম্পন্ন না হওয়া পর্যন্ত হেফাজতে রাখা হয়েছে। মন্ত্রণালয় জানায়, সীমান্ত পার হয়ে অবৈধভাবে সৌদি আরবে প্রবেশের সময় ১ হাজার ২৪৪ জনকে আটক করা হয়েছে, যাদের অধিকাংশই ইয়েমেন ও ইথিওপিয়া থেকে আগত। এছাড়া অবৈধ অভিবাসীদের আশ্রয় বা পরিবহনে সহায়তা করার অভিযোগে আরও ২০ জনকে গ্রেফতার করা হয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রণালয় সতর্ক করে জানিয়েছে, অবৈধ অনুপ্রবেশে সহায়তা করলে ১৫ বছর পর্যন্ত কারাদণ্ড ও ১০ লাখ সৌদি রিয়াল জরিমানা করা হতে পারে। নাগরিকদের এসব বিষয়ে সতর্ক থাকার এবং যেকোনো ধরনের লঙ্ঘন রিপোর্ট করতে জরুরি হটলাইন ব্যবহার করার আহ্বান জানানো হয়েছে।

## ভারত দুই মাসের মধ্যে ক্ষমা চাইতে পারে: মার্কিন বাণিজ্যমন্ত্রী

সূর্যোদয় প্রতিবেদন

যুক্তরাষ্ট্র ও ভারতের সম্পর্ক সম্প্রতি গুরুতরভাবে অবনতি ঘটেছে। রাশিয়ার তেল কেনার কারণে যুক্তরাষ্ট্র ভারতের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নিয়েছে। এর প্রতিক্রিয়ায় ভারত রাশিয়া ও চীনের সঙ্গে ঘনিষ্ঠতা বাড়াচ্ছে। তবে মার্কিন বাণিজ্যমন্ত্রী হাওয়ার্ড লুটনিকের মতে, কয়েক মাসের মধ্যেই ভারত ক্ষমা চেয়ে আলোচনা টেবিলে ফিরবে। ব্লুমবার্গকে দেওয়া এক সাক্ষাৎকারে হাওয়ার্ড লুটনিক বলেন, "আমি মনে করি এক বা দুই মাসের মধ্যে ভারত আলোচনার টেবিলে আসবে এবং তারা বলবে, আমরা ক্ষমা চাই। তারা প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে একটি চুক্তি করার চেষ্টা করবে।" তিনি আরও সতর্ক করে বলেন, "নয়াদিল্লি যদি যুক্তরাষ্ট্রকে সমর্থন না দেয়, তবে তাদের পণ্য রফতানিতে ৫০ শতাংশ শুল্ক দিতে হবে।" লুটনিক মন্তব্য করেন, "ভারত যতই নিজেদের শক্তিশালী ভাবুক না কেন, শেষ পর্যন্ত তাদের সবচেয়ে বড় ক্রেতা যুক্তরাষ্ট্রের স্বার্থে সিদ্ধান্ত নিতে হবে।